

📖 **সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)**

হাদিস নম্বরঃ ৩০১৬ [আন্তর্জাতিক নম্বরঃ ৩২৪৩]

৪৯/ সৃষ্টির সূচনা (كتاب بدء الخلق)

পরিচ্ছেদঃ ১৯৯০. জান্নাতে বৈশিষ্টের বর্ণনা আর তা সৃষ্টবস্তু। আবুল আলীয়া (রহঃ) বলেন, مُطَهَّرَةٌ মাসিক ঋতু, পেশাব ও থুথু হতে পবিত্র। كَلَّمَا رُزِفُوا যখনই তাদের সামনে কোন এক প্রকার খাদ্য পরিবেশন করা হবে, এরপরই অন্য এক প্রকার খাদ্য পরিবেশন করা হবে। তারা (জান্নাতবাসীরা) বলবে, এগুলো তো ইতিপূর্বেই আমাদেরকে পরিবেশন করা হয়েছে। اُنْتُوا بِهِ مُتَشَابِهًا তাদেরকে পরস্পর সদৃশ খাবার পরিবেশন করা হবে অথচ সেগুলো স্বাদে হবে বিভিন্ন। قُطُوْفَهَا তারা যেভাবে ইচ্ছা ফল ফলাদি গ্রহন করবে। اِنْبِيَّةُ نِكَاتِهَا নিকটবর্তী। الْاَرَائِكُ পালঙ্কসমূহ। হাসান বাসরী (রহঃ) বলেন, سَلْسَبِيلًا দ্রুত প্রবাহিত পানি। كَوَاعِبَ پेटের ব্যাথা। يَنْزِفُونَ তাদের বুদ্ধি লোপ পাবে না। ইবন আব্বাস (রাঃ) বলেন, دِهَاقًا পরিপূর্ণ। اَنْكُرِيَّتِ অংকুরিত যৌবনা তরুনী। الرِّحِيْقُ - পানীয়। التَّسْنِيْمُ জান্নাতবাসীদের পানীয় যা উচু হতে নিঃসৃত হয়। তার মোড়ক হবে কস্তুরি। نَضَّاخَتَانِ দুই উচ্ছলিত (প্রসবন)۔ مَوْضُوْنَةٌ সোনা ও মনি মুক্তা দিয়ে তৈরি। এ শব্দটি হতেই وَضِيْنٌ ও عُرْبًا এর উৎপত্তি অর্থাৎ উটের পিঠের গদী। الْكُوبُ হাতল বিহীন পানপাত্র। الْاَبَارِيْقُ হাতল বিশিষ্ট পানপাত্র। عُرْبًا সোহাগিনী। একবচনে عَرُوبٌ যেমন صَبُوْرٌ এর বহুবচন صُبُرٌ মক্কাবাসী একে غَنَجَةٌ মদীনাবাসী আর ইরাকীরা سَكَلَةٌ বলে থাকে। মুজাহিদ (রহঃ) বলেন, رَوْحٌ জান্নাত ও সচ্চল জীবন। الرِّيحَانُ জীবিকা। الْمَنْضُوْدُ কলা। فُرْشٍ কাঁদি ভরা এটাও বলা হয়। যার কাটা নেই। الْعُرْبُ স্বামীদের কাছে সোহাগিনী। مَسْكُوْبٌ প্রবাহিত। مَرْفُوعَةٌ একটির উপর আরেকটি বিছানা لَعُوْا অলীক কথা। تَائِيْمًا মিথ্যা। اَفْنَانٌ ডালসমূহ। دَانٍ وَجَنَى الْجَنَّتَيْنِ دَانٍ দুই বাগিচার ফল হবে তাদের নিকটবর্তী যা নিকট থেকে গ্রহন করবে। مُدْهَمَّتَانِ এ বাগিচা দুটি ঘন সবুজ।

باب مَا جَاءَ فِي صِفَةِ الْجَنَّةِ وَأَنَّهَا مَخْلُوقَةٌ قَالَ أَبُو الْعَالِيَةِ مُطَهَّرَةٌ مِنَ الْحَيْضِ وَالْبَوْلِ وَالْبَزَاقِ. {كُلَّمَا رُزِقُوا} أُتُوا بِشَيْءٍ ثُمَّ أُتُوا بِآخَرَ {قَالُوا هَذَا الَّذِي رُزِقْنَا مِنْ قَبْلُ} أُتِينَا مِنْ قَبْلُ {وَأُتُوا بِهِ مُتَشَابِهًا} يُشَبِّهُ بَعْضُهُ بَعْضًا، وَيَخْتَلِفُ فِي الطُّعُومِ {قُطُوفُهَا} يَقْطِفُونَ كَيْفَ شَاءُوا دَانِيَةً قَرِيبَةً. الْأَرَائِكُ السُّرُرُ. وَقَالَ الْحَسَنُ: النَّضْرَةُ فِي الْوُجُوهِ وَالسُّرُورُ فِي الْقُلُوبِ. وَقَالَ مُجَاهِدٌ: {سَلْسَبِيلًا} حَدِيدَةُ الْجَرِيَةِ. {غَوْلٌ} وَجَعُ الْبَطْنِ {يُنْزَفُونَ} لَا تَذْهَبُ عُقُولُهُمْ وَقَالَ ابْنُ عَبَّاسٍ: {دِهَاقًا} مُمْتَلِيًا {كَوَاعِبُ} نَوَاهِدُ. الرَّحِيقُ الْخَمْرُ. التَّسْنِيمُ يَعْلُو شَرَابَ أَهْلِ الْجَنَّةِ {خِتَامُهُ} طِينُهُ {مِسْكٌ}، {نَضَاجَتَانِ} يُقَالُ مَوْضُونَةٌ مَنْسُوجَةٌ، مِنْهُ وَضِيعُ النَّاقَةِ. وَالْكُوبُ مَا لَا أُذُنَ لَهُ وَلَا عُرْوَةَ. وَالْأَبَارِيقُ ذَوَاتُ الْأَذَانِ وَالْعُرَا. {عُرَبًا} مُثْقَلَةٌ وَاحِدُهَا عَرُوبٌ، مِثْلُ صَبُورٍ وَصَبْرٍ، يُسَمِّيَهَا أَهْلُ مَكَّةَ الْعَرَبَةَ، وَأَهْلُ الْمَدِينَةِ الْغَنَجَةَ، وَأَهْلُ الْعِرَاقِ الشَّكْلَةَ. وَقَالَ مُجَاهِدٌ: {رَوْحٌ} جَنَّةٌ وَرَخَاءٌ، {وَالرِّيحَانُ} الرِّزْقُ، وَالْمَنْضُودُ الْمَوْزُ،

وَالْمَخْضُودُ الْمُوقَرُّ حَمَلًا وَيُقَالُ أَيْضًا لَا شَوْكَ لَهُ، وَالْعُرْبُ الْمُحَبَّبَاتُ إِلَى أَزْوَاجِهِنَّ. وَيُقَالُ مَسْكُوبٌ جَارٍ، وَ{فُرْشٍ مَرْفُوعَةٍ} بَعْضُهَا فَوْقَ بَعْضٍ. {لَغْوًا} بَاطِلًا. {تَأْتِيْمًا} كَذِبًا. أَفْئَانُ أَغْصَانُ {وَجَنَى الْجَنَّتَيْنِ دَانٍ} مَا يُجْتَنَى قَرِيبٌ. {مُدْهَامَتَانِ} سَوْدَاوَانِ مِنَ الرَّيِّ

আরবী

حَدَّثَنَا حَجَّاجُ بْنُ مِنْهَالٍ، حَدَّثَنَا هَمَّامٌ، قَالَ سَمِعْتُ أَبَا عِمْرَانَ الْجَوْنِيَّ، يُحَدِّثُ عَنْ أَبِي بَكْرٍ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ قَيْسٍ الْأَشْعَرِيِّ، عَنْ أَبِيهِ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " الْخِيْمَةُ دُرَّةٌ مُجَوَّفَةٌ، طُولُهَا فِي السَّمَاءِ ثَلَاثُونَ مِيْلًا، فِي كُلِّ زَاوِيَةٍ مِنْهَا لِلْمُؤْمِنِ أَهْلٌ لَا يَرَاهُمُ الْآخَرُونَ ". قَالَ أَبُو عَبْدِ الصَّمَدِ وَالْحَارِثُ بْنُ عُبَيْدٍ عَنْ أَبِي عِمْرَانَ سِتُّونَ مِيْلًا.

বাংলা

৩০১৬। হাজ্জাজ ইবনু মিনহাল (রহঃ) ... আবদুল্লাহ ইবনু কায়স আশআরী (রাঃ) থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, '(জান্নাতে মুমিনদের জন্য) গুণগত মোতির তবু থাকবে যার উচ্চতার দৈর্ঘ্য ত্রিশ মাইল। এর প্রতিটি কোণে মুমিনদের জন্য এমন স্ত্রী থাকবে যাদেরকে অন্যরা কখনো দেখেনি।' আবু আবদুস সামাদ ও হারিস ইবনু উবায়দ আবু ইমরান (রহঃ) থেকে (ত্রিশ মাইলের স্থলে) ষাট মাইল বলে বর্ণনা করেছেন।

English

Narrated `Abdullah bin Qais Al-Ash`ari:

The Prophet (ﷺ) said, "A tent (in Paradise) is like a hollow pearl which is thirty miles in height and on every corner of the tent the believer will have a family that cannot be seen by the others." (Narrated Abu `Imran in another narration, "The tent is sixty miles in height.")

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু কায়স আল-আশআরী (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=3146>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন